



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস বিজ্ঞপ্তি

১৫ আগস্ট, ২০২১

### বাউবি'তে জাতীয় শোক দিবস পালিত

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট ২০২১ রবিবার জাতীয় শোক দিবসে ও জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানু ও অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীগণ শোকের কালো ব্যাজ ধারণ করে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

সকালে গাজীপুর মূল ক্যাম্পাসে ‘স্বাধীনতা চিরন্তন’ স্মারক ভাস্কর্যে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানু ও অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এ সময় বাউবি'র শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম ও ডিরেক্টরস ফোরাম পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

এদিন বিশ্ববিদ্যালয় মসজিদে কোরআনখানি ও যোহরের নামাজের পর দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়।

মূল ক্যাম্পাসে ১লা আগস্ট থেকে ৩১ শে আগস্ট পর্যন্ত মাসব্যাপি এলইডি স্ক্রীনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে নির্মিত বিভিন্ন অনুষ্ঠান প্রচার করা হয়।

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক